

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জনপ্রশাসন মন্ত্রণালয়
 নবনিয়োগ অধিশাখা
www.mopa.gov.bd

প্রজ্ঞাপন

১৭ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩৪.০০৮.১৫-৩৪ তারিখ: -----
 ০১ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

৩৪তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৩ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্মসূচনের ১৫/০৯/২০১৫ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০৬.২০১৪/১১৭ নং পত্রের সূপরিশক্তমে এ প্রজ্ঞাপনের তৃতীয় পৰ্যায়ে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার পদে জাতীয় বেতনক্লে, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ ছির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শনো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সম্পূর্ণভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বড় সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিনি) বছরের মধ্যে চাকরিতে ইন্সফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাত্তা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমভাত্তা/অন্যান্য ভাত্তাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মসূল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বড় দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইন্সফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তৃব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অন্যায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাস্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অন্যায়ী তাঁর বিবৃত্তে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৪তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অন্যায়ী তাঁর জ্যোষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বড় সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝঃ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, একেপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অন্যায়ী সকল স্থান-অস্থানের সম্পত্তির বিবরণ সংযোগে একটি যোগাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জ্ঞান দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন অর্থ ভাত্তা/দৈনিক ভাত্তা পাবেন না।

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ প্রবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষনিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিবরক্ষে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ জৈর, ১৪২৩ বঙ্গাব্দ/১৫ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ পূর্বে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদান্তি কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুমোদ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হতে প্রবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


৩।

ক্যাডারের নাম	: বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)
পদের নাম	: সহকারী কমিশনার
নিয়োগপ্রাপ্ত	: ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২৮০	০৫৪৪৬৬	মোছাঃ তাছমিনা খাতুন

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


 (মোঃ মফিদুর রহমান)
 উপসচিব

নম্বর : ০৫.০০.০০০০.১৪৭.৩৮.০০৮.১৫-৩৪

১৭ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
তারিখ:-----
০১ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,মন্ত্রণালয়/বিভাগ।
বি.সি.এস. (.....) ক্যাডারে নিয়োগপ্রাপ্তজন প্রার্থীর সংশ্লিষ্ট
কাগজপত্রসহ ৩৪তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন
প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থী যাতে আগামী ০১ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ মার্চ, ২০১৭
খ্রিস্টাব্দ পূর্বৰ্ত্ত আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে
যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম প্রহণের
জন্য অনুরোধ করা হলো।
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও,
ঢাকা/রেষ্টেল, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল,
বাংলাদেশ।
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্য/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের
ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি
মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৭। সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৮। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৯। জনাব/বেগম.....।

০১০৬১৭
(মোঃ মফিদুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৪০০৭